



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
অপারেশনস্ ও গোয়েন্দা অধিশাখা

E-mail: operations.dnc.bd@gmail.com

নম্বর: ৫৮.০২.০০০০.০০৯.১৫.০০১.২৩.১০

তারিখ: ১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

সম্প্রতি মাদকবিরোধী অভিযান ও মামলা উদঘাটনে ক্ষেত্রবিশেষ কিছু অসজ্জাতি পরিলক্ষিত হয়েছে। সেপ্রেক্ষিতে মাদকবিরোধী অভিযান পরিচালনা সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে বলা হলোঃ

- ১। অভিযানের পূর্বে অবশ্যই মুভমেন্ট রেজিস্টারে (নমুনা সংযুক্ত) অভিযানে নেতৃত্বদানকারী ও রেইডিং পার্টির সকল সদস্যের নাম, পদবি, পরিচিতি নম্বর এবং অভিযানে যাওয়া ও আসার সময় যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে। সংশ্লিষ্ট অফিস প্রধান উক্ত রেজিস্টারে প্রতিদিন প্রতিস্বাক্ষর করবেন।
- ২। অভিযানের ফলাফল সংক্রান্ত তথ্যাবলি ইনফরমেশন রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে। সংশ্লিষ্ট অফিস প্রধান প্রতিদিন উক্ত রেজিস্টারে প্রতিস্বাক্ষর করবেন।
- ৩। সফল অভিযানের ক্ষেত্রে ঘটনার বিবরণ, সাক্ষীদের নাম, ঠিকানা ও মোবাইল নং, আসামীদের নাম-ঠিকানা, জব্দকৃত আলামত ও মামলা নং এবং নিষ্ফল অভিযানের ক্ষেত্রে ঘটনার বিবরণ, সাক্ষীদের নাম, ঠিকানা ও মোবাইল নং ইত্যাদি ইনফরমেশন রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে।
- ৪। প্রতিটি অভিযানের স্থির চিত্র ও ভিডিও চিত্র অবশ্যই ধারণ করতে হবে। সংশ্লিষ্ট অফিস প্রধান ও বিভাগীয় প্রধান নিজ নিজ অধিক্ষেত্রের স্থির চিত্র ও ভিডিও চিত্র ভবিষ্যতে ব্যবহারের জন্য তারিখ ও মাসভিত্তিক যথাযথভাবে সংরক্ষণ করবেন।
- ৫। উর্দ্ধতন কর্তৃপক্ষ অফিস পরিদর্শনে গেলে উপর্যুক্ত বিষয়সমূহ প্রতিপালিত হচ্ছে কি না তা নিশ্চিত করবেন এবং পরিদর্শন বইতে এ সংক্রান্ত সুনির্দিষ্টভাবে মন্তব্য করবেন।

সংযুক্তি: বর্ণনামতে।

১৫-০১-২০২৪

তানভীর মমতাজ

পরিচালক (অপারেশনস্ ও গোয়েন্দা) (মহাপরিচালকের
পক্ষে)

নম্বর: ৫৮.০২.০০০০.০০৯.১৫.০০১.২৩.১০/১ (৬)

তারিখ: ১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ ও গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা;
- ২। উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা/মেট্রোঃ (উত্তর/দক্ষিণ)/বিশেষ জোন/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়,.....;
- ৩। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫। পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/টিকিংসা ও পুনর্বাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৬। অফিস কপি।



১৫-০১-২০২৪

তানভীর মমতাজ

পরিচালক (অপারেশনস্ ও গোয়েন্দা) (মহাপরিচালকের
পক্ষে)